দৈনিক ইত্তেফাক

11 JUN 2016
পৃষ্ঠা ৫ কলাম ৫

# ৫ম শ্রেণীর সমাপনী পরীক্ষা বাতিলের দাবিতে মানববন্ধন

■ ইত্তেফাক রিপোর্ট

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা বাতিলের দাবিতে গত বৃহস্পতিবার রাজধানীর বিভিন্ন স্কুলের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেছে অভিভাবকরা। অভিভাবকরা বলেন, সরকার প্রণীত শিক্ষা নীতিতে যখন সমাপনী পরীক্ষা রাখা হয়নি তখন এ পরীক্ষা নিয়ে স্কুলে, স্কুলে অকারণে মাতামাতি করা হচ্ছে। এই পরীক্ষার কারণেই কোচিংয়ের জন্য স্কুল কর্তৃপক্ষ শিশুদের বাধ্য করছে।

অভিভাবকেরা প্রশ্ন করেন, শিক্ষানীতি লঙ্ঘন করে কেন এ পরীক্ষা চালু রাখা হচ্ছে? শিক্ষা নীতিতে এ পরীক্ষার কোন উল্লেখ নেই। এরপর কেন এ পরীক্ষা চালু রেখে শিশুদের মানসিকভাবে নির্যাতন করা হচ্ছে? মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের সামনে বিক্ষোভ করেছেন অভিভাবকেরা। অভিভাবক ফোরাম এ কর্মসূচির আয়োজন করে। মানববন্ধনে সভাপতিত্ব করেন ফোরাম সভাপতি মোঃ জিয়াউল কবির দুলু। বক্তব্য রাখেন আইডিয়াল অভিভাবক ফোরামের সাধারণ সম্পাদক মোঃ সেলিম উদ্দিন, মুগদা শাখার ফোরামের সভাপতি শওগত-উল আলম, মলয় সরকার, সালমা ইসলাম, নাসরিন বেগম, ইঞ্জিনিয়ার আসাদুজ্জামান, ঝর্ণা আক্তার, মুন্নি বেগম প্রমুখ।

অভিভাবকরা বলেন, এ পরীক্ষা শিক্ষার্থীদের জন্য কল্যাণ বয়ে আনছে না বরং এ পরীক্ষার যাঁতাকলে পিষ্ট হয়ে কোমলমতি শিশুরা বনসাই হয়ে বেড়ে উঠছে। পরীক্ষার নাম শুনলে শিশুরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়ছে। এই পরীক্ষা শিশুদের অপ্রয়োজনীয় একটি সনদ দিচ্ছে মাত্র। এ ছাড়া এ পরীক্ষার সুযোগে 'কোচিংবাজ' শিক্ষকরাও বেপরোয়া হয়ে উঠছেন। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে চালু হয়েছে বাধ্যতামূলক কোচিং। চলতি বছর থেকেই এ পরীক্ষা বন্ধে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন অভিভাবকরা।

রাজধানীর রূপনগরে মনিপুর স্কুলের সামনে, মানববন্ধন কর্মসূচি পালনকালে অভিভাবকরা বলেন, যেহেতু সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার্থীদের আবারও অষ্টম শ্রেণীতে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। তাই এ বছরের পরীক্ষা অবশ্যই বাতিল করা উচিত।